

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৪৬

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতে আলহামদু লিল্লাহি রাব্বিল 'আলামীন - এর মাধ্যমে কিরাআত শুরু করা।

باب مَا جَاءَ فِي افْتِتَاحِ الْقِرَاءَةِ بِ (الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ)

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا أَبُو عَوَانَةَ، عَنْ قَتَادَةَ، عَنْ أَنسٍ، قَالَ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَأَبُو بَكْرٍ وَعُمَرُ وَعُثْمَانُ يَفْتَتِحُونَ الْقِرَاءَةَ بِ (الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ) قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ عِيسَى هَذَا عَنْدَ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَالتَّابِعِينَ وَمَنْ بَعْدَهُمْ كَانُوا يَسْتَفْتِحُونَ الْقِرَاءَةَ بِ (الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ) . قَالَ الشَّافِعِيُّ إِنَّمَا مَعْنَى هَذَا الْحَديثِ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم وَأَبَا الْعَالَمِينَ) . قَالَ الشَّافِعِيُّ إِنَّمَا مَعْنَى هَذَا الْحَديثِ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم وَأَبَا بَكْرٍ وَعُمْرَ وَعُثْمَانَ كَانُوا يَفْتَتِحُونَ الْقِرَاءَةَ بِ (الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ) مَعْنَاهُ أَنَّهُمْ كَانُوا يَقْتَحُونَ الْقِرَاءَة بِ (الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ) مَعْنَاهُ أَنَّهُمْ كَانُوا لاَ يَقْرَءُونَ (كَانُوا يَبْدَةُ الْكِتَابِ قَبْلَ السُّورَةِ وَلَيْسَ مَعْنَاهُ أَنَّهُمْ كَانُوا لاَ يَقْرَءُونَ (إِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ) . وَكَانَ الشَّافِعِيُّ يَرَى أَنْ يُبْدَأَ بِرْ بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ) . وَكَانَ الشَّافِعِيُّ يَرَى أَنْ يُبْدَأَ بِ (بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ) . وَكَانَ الشَّافِعِيُّ يَرَى أَنْ يُبْدَأَ بِرْ بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحْوَى الرَّعْرَاءَةِ .

বাংলা

২৪৬. কুতায়বা (রহঃ) আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবূ বকর, উমর, উছমান রাদিয়াল্লাহু আনহু সকলেই আল -হামদুলিল্লাহি রাব্বিল আলামীন থেকে কিরাআত শুরু করতেন। - ইবনু মাজাহ ৮১৩, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৪৬ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ এই হাদিসটি হাসান ও সহীহ। সাহাবী, তাবিঈ ও পরবর্তীযুগের আলিমগণ অনুরুপ আমল করেছেন। তাঁরা আলহামদু লিল্লাহি রাব্বিল আলমীন থেকে কিরআত শুরু করতেন। ইমাম শাফিঈ (রহঃ) বলেন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবূ বকর, উমর, উছমান রাদিয়াল্লাহু আনহুম আলহামদু লিল্লাহি রাব্বিল আলামিন এর মাধ্যমে কিরাআত শুরু করতেন এই হাদিসটির মর্ম হল যে, তাঁরা সূরা পাঠের পূর্বেই সূরা ফাতিহা পড়তেন। এ কথা নয় যে, তাঁর বিসমিল্লাহির রাহমানির রাহীম পাঠ করতেন না। ইমাম শাফিঈ (রহঃ) মনে করেন যে, সালাত বিসমিল্লাহির রাহমানির রাহীম পাঠের মাধ্যমে শুরুতে হবে এবং কিরাআত



জোরে পাঠ করা হলে বিসমিল্লাহির রাহমানির রাহীম ও জোরে পাঠ করতে হবে।

English

Anas narrated:

"Allah's Messenger, Abu Bakr, Umar and Uthman opened the Salat with (Al-Hamdu-lillahi rabbil-alamin)."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন